ইত্তেফাক

তারিখ ... 7|11|83 ...
পৃষ্ঠা ... ... কলাম ... 3 ...

003

# ৯ম শ্রেণীর সিলেবাস সংক্রান্ত পূর্ণাঙ্গ নির্দেশ না থাকায়—

চলনবিল, ৫ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা শুরুর আর এক মাসও বাকী নাই। অথচ রাজশাহী শিক্ষা বোর্ড প্রদত্ত সিলেবাসে ৭টি বিষয়ে পূর্ণাঙ্গ নির্দেশনা না থাকায় নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে এখনও হতাশা বিরাজমান। অপরদিকে শিক্ষকগণ প্রশ্নপত্র তৈরীর ব্যাপারে ভীষণ অসুবিধার সম্মুখীন হইয়া পড়িয়াছেন। জানা গিয়াছে, চলতি শিক্ষা বর্ষে নবম শ্রেণীর সিলেবাস পরিবর্তন ও নূতন পদ্ধতিতে শিক্ষাদানের ব্যাপারে ইতিপূর্বে বহু নির্দেশ দেওয়া হয়। কিন্তু নবম শ্রেণীর বাংলা ১ম পত্র, ইংরেজী ১ম পত্র, বিজ্ঞান, ইতিহাস, ভূগোল, অর্থনীতি ও ধর্মীয় বিষয়ে প্রশ্নপত্র তৈরীর পূর্ণাঙ্গ নির্দেশ এখনও

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ৯ম শ্রেণীর সিলেবাস

(৩য় পৃঃ পর)

পৌঁছে নাই। মানবিক ও বিজ্ঞান শাখার অন্যান্য বিষয়ে কত নম্বরের কয়টি প্রশ্ন হইবে এবং ছাত্রদেরকে কোন পদ্ধতিতে কয়টি প্রশ্নের উত্তর দিতে হইবে তাহার বিস্তারিত বিবরণ ইতিপূর্বে নির্দেশে উল্লেখ থাকিলেও উল্লেখিত ৭টি বিষয়ের ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশ নাই। গত সেপ্টেম্বর মাসে বোর্ড কর্তৃক প্রদত্ত সংশোধিত সিলেবাসে পরীক্ষার নম্বরের ব্যাপারে ইংরেজী ১ম পত্রের গদ্যে ৬০, পদ্যে ২৫, দ্রুতপঠনে ১৫, বাংলা ১ম পত্রের গদ্যে ৪০, পদ্যে ৩০, সহপাঠে-৩০, বিজ্ঞান দুই পত্রের প্রত্যেক পত্রে ৭৫ নম্বরের কথা উল্লেখ আছে। কিন্তু উল্লেখিত নম্বরে প্রশ্নপত্রে কয়টি প্রশ্ন থাকিবে এবং পরীক্ষার্থীদের কয়টি প্রশ্নের উত্তর দিতে হইবে উহার উল্লেখ করা হয় নাই। ইতিহাস, ভূগোল, অর্থনীতি ও ধর্মশিক্ষা বইয়ের ব্যাপারেও একই অবস্থা।